ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৮২
বিলোনীয়া, ২ আগস্ট, ২০২৫

**বিলোনীয়া ও শান্তিরবাজার পুর পরিষদ এলাকায়**
**মোট ৬৪৫৬টি বাড়িতে পানীয়জলের সংযোগ**

পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তর থেকে এখন পর্যন্ত বিলোনীয়া ও শান্তিরবাজার পুর পরিষদ এলাকায় মোট ৬ হাজার ৪৫৬টি বাড়িতে পাইপ লাইনের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এরমধ্যে বিলোনীয়া পুর পরিষদ এলাকায় ৩ হাজার ৮৯৫ টি বাড়ি এবং শান্তিরবাজার পুর পরিষদ এলাকায় ২ হাজার ৫৬১ টি বাড়ি রয়েছে। উল্লেখ্য, এই দুই পুর পরিষদ এলাকায় মোট বাড়ি রয়েছে ১০ হাজার ১৬০টি। এরমধ্যে বিলোনীয়া পুর পরিষদ এলাকায় ৬ হাজার ৬৯২টি এবং শান্তিরবাজার পুর পরিষদ এলাকায় ৩ হাজার ৪৬৮টি বাড়ি রয়েছে। অবশিষ্ট বাড়িগুলিতে ক্রমান্বয়ে পানীয়জলের সংযোগ দেওয়া হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****